# যোয়েল ভাববাদীর পুস্তক

### পঙ্গপালে ফসল ধ্বংস করবে

1 পথূয়েলের পুত্র যোয়েলের কাছে প্রভুর এই বার্তা:
2হে প্রবীণেরা, কথাটা শোন! দেশে বসবাসকারী সকলে শোন। তোমাদের জীবনকালে এর আগে কি কখনও এইরকম ঘটনা ঘটেছে? না! তোমাদের পিতৃপুরুষদের সময়েও কি এইরকম কোনো ঘটনা ঘটেছে? না!

3তোমাদের সন্তানদের এই সম্বন্ধে বলো। তোমাদের সন্তানেরা তাদের সন্তানদের বলুক । আবার তাদের সন্তানেরা তাদের পরবর্তী প্রজন্মকে বলুক।

4কাটুরে পঙ্গপাল যা রেখে গেছে তা ঝাঁকের পঙ্গপাল খেয়ে গেছে। আর ঝাঁকের পঙ্গপাল যা রেখে গেছে তা লাফানে পঙ্গপাল খেয়ে গেছে। আর লাফানে পঙ্গপাল যা রেখে গেছে তা ধ্বংসকারী পঙ্গপাল খেয়ে গেছে।

### পঙ্গপাল এল

5ওহে মাতালেরা ওঠ, কাঁদো! ওহে মদ্যপায়ীরা, মিষ্টি দ্রাক্ষারসের জন্য হা-হুতাশ কর! কারণ তা তোমাদের মুখ থেকে কেড়ে নেওয়া হয়েছে।

6এক বিশাল ও শক্তিশালী দেশ আমার দেশকে আক্রমণ করেছে। সেখানে অগনিত সৈন্য ছিল। তাদের অস্ত্রগুলি সিংহের দাঁতের মত ধারালো এবং সিংহের চোয়ালের মত শক্তিশালী।

7এটি আমার দ্রাক্ষাক্ষেত্র ও ডুমুর গাছগুলো ধ্বংস করেছে। এটি ডুমুর গাছের ছাল ছাড়িয়ে নিয়ে তা ফেলে দিয়েছে, তাই তার শাখাগুলি সাদা হয়ে গেছে।

### লোকের ক্রন্দন

8যার যুবক স্বামী মারা গেছে, সেই যুবতী মহিলার মত চটের পোষাক পরে কাঁদো।

9প্রভুর মন্দিরে আর নৈবেদ্য ও পানীয় উৎসর্গ করা হয় না। তাই যাজকগণ! প্রভুর দাসেরা, শোক প্রকাশ করো!

10ক্ষেত্রগুলি বিনষ্ট হয়ে গেছে, মাটি শুকিয়ে গেছে। সমস্ত শস্য নষ্ট হয়ে গেছে। নতুন দ্রাক্ষারস শুকিয়ে গেছে। টাট্কা অলিভ তেল শেষ হয়ে গেছে।

11ওহে চাষীরা তোমরা দুঃখ কর! দ্রাক্ষাক্ষেত্রের চাষীরা হাহাকার কর! গম ও যবের জন্য কাঁদো! কারণ ক্ষেতের ফসল ধ্বংস হয়ে গেছে।

12দ্রাক্ষালতা শুকিয়ে গেছে। ডুমুর গাছ মারা গেছে। ডালিম, তাল ও আপেল এমনকি ক্ষেতের সমস্ত গাছ শুকিয়ে গেছে। সত্যি লোকেদের মধ্যে যে সুখ ছিল তা শুকিয়ে গেছে।

13হেযাজকগণ, চটের পোষাক পরে উচ্চস্বরে কাঁদো। তোমরা যারা বেদীর পরিচারকরা উচ্চস্বরে কাঁদো। হে ঈশ্বরের দাসেরা চটের পোশাক পরে ঘুমিয়ে থাকো। কারণ ঈশ্বরের মন্দিরে উৎসর্গ করার জন্য কোন শস্য নৈবেদ্য ও পেয় নৈবেদ্য থাকবে না।

### পঙ্গপালের দ্বারা ভয়ানক ধ্বংস কাণ্ড

14উপবাসের জন্য একটি বিশেষ সময় ঘোষণা করো। বিশেষ সভার জন্য লোকেদের একত্র করো। দেশের সমস্ত লোক ও নেতাদের একত্র করো। তাদের সবাইকে তোমার প্রভু ঈশ্বরের মন্দিরে নিয়ে এস এবং সাহায্যের জন্য প্রভুর কাছে খুব জোরে কান্নাকাটি কর।

15বিমর্ষ হও! কারণ প্রভুর সেই বিশেষ দিন সন্নিকট। সেই সময় থেকে ঈশ্বর সর্বশক্তিমানের কাছ থেকে আক্রমণের ন্যায় শাস্তি আসবে। 16একি সুস্পষ্ট নয় যে আমাদের কোন খাদ্য নেই? এটা কি সুস্পষ্ট নয় যে আনন্দ এবং সুখ আমাদের প্রভুর মন্দির থেকে চলে গিয়েছে? 17আমাদের শস্য বীজ মাটিতে পচে নষ্ট হয়ে গিয়েছে। গুদামগুলো ধ্বংস হয়ে গিয়েছে। আমাদের গোলাবাড়িগুলো শূন্য এবং ভেঙ্গে পড়েছে কারণ আমাদের শস্য শুকিয়ে গেছে এবং মৃত।

18পশুগুলো কাঁদছিল! গরুর পাল ঘুরে ঘুরে বেড়াচ্ছে। কারণ তাদের খাবার ঘাস নেই। এমনকি মেষেরাও কষ্ট পাচ্ছে কারণ আমরা পাপ কার্য্যের জন্য অপরাধী। 19প্রভু আমি সাহায্যের জন্য তোমায় ডাকছি, কারণ প্রান্তরের চারণভূমি আগুনে পুড়ে গেছে এবং খোলা মাঠের সমস্ত গাছ তাতে ঝলসে গেছে। 20এমনকি পশুরাও তোমার কাছে কাঁদবে কারণ জলের ঝর্ণাগুলো শুকিয়ে গেছে আর আগুন সবুজ ক্ষেত্রে ছড়িয়ে পড়ে তাদের মরুভূমিতে পরিণত করেছে।

### প্রভুর আগমনের দিন

2 সিয়োনে শিঙা বাজাও। আমার পবিত্র পর্বতে জোরে চিৎকার করো। দেশের সমস্ত বাসিন্দারা ভয়ে কেঁপে উঠুক। কারণ প্রভুর দিন আসছে এবং তা সন্নিকট।

2সেটা এক অন্ধকার, বিষণ্ণ দিন হবে। এটা অন্ধকার এবং মেঘলা দিন হবে। অন্ধকার যেভাবে পর্বতে ছেয়ে যায় সেইভাবে বিশাল ও শক্তিশালী সৈন্য দেখা যাবে। এর আগে কখনও এমন হয় নি। আর এর পরেও এমন হবে না।

3আগুন তাদের সামনে গ্রাস করবে এবং অগ্নিশিখা তাদের পশ্চাতে জ্বলবে। তাদের সামনের দেশ হবে যেন এক এদোন উদ্যান। কিন্তু তাদের পশ্চাতে দেশ

যেন শূন্য মরুভূমি। কোন কিছুই তাদের এড়িয়ে যাবে না।

4তাদের দেখতে ঘোড়ার মত। আর যুদ্ধের ঘোড়ার মতো তারা দৌড়ায়।

5ঐ শোন পর্বতের ওপর তাদের রথের শব্দ। সেই শব্দ খড় জ্বালানো আগুনের শব্দের মতো এবং একটি শক্তিশালী সৈন্য বাহিনীর মত যারা যুদ্ধ করতে আসছে।

6ঐ সৈন্যদলের সামনে লোকেরা ভয়ে কাঁপে। তাদের মুখ ভয়ে বিবর্ণ হবে।

7তারা দ্রুত দৌড়ায় এবং যোদ্ধাদের মতো তারা প্রাচীরে চড়তে পটু। তারা কুচকাওয়াজ করে সামনে এগিয়ে যায়। তারা তাদের পথ থেকে সরে যায় না।

8তারা একে অন্যের সঙ্গে ধাক্কাধাক্কি করে না। প্রত্যেক সৈন্য তার নিজের পথে চলে। এমনকি যদি একজন সৈন্য আহত হয়ে পড়ে অন্যরা ঠিকভাবেই কুচকাওয়াজ করে চলে।

9তারা শহরের মধ্যে দৌড়ে যায়। তারা দ্রুত প্রাচীরের উপর ওঠে। ঘরের মধ্যে উঠে পড়ে। জানালা দিয়ে চোরের মত ঢুকে পড়ে।

10তাদের সামনে যেন পৃথিবী ও আকাশ কেঁপে ওঠে। সূর্য ও চাঁদ অন্ধকার হয়ে যায়। তারারা উজ্জ্বলতা প্রকাশ বন্ধ করে।

11প্রভু নিজে তার সৈন্যদের চিৎকার করে ডাকছেন। তাঁর শিবির খুব বড়। সত্যি সেই সৈন্যরা তাঁর আদেশ মানে। তারা খুবই শক্তিশালী। প্রভুর দিন হবে সত্যি তীব্র ও ভয়ানক; কে তা সহ্য করতে পারে?

### পরিবর্তনের জন্য লোকেদের কাছে প্রভুর আহ্বান

12প্রভু বললেন, "এখন তোমরা সর্বান্তঃকরণে আমার কাছে ফিরে এস। উপবাস, রোদন ও বিলাপ করতে করতে এস!

13আর তোমাদের হৃদয় ছিন্ন কর, তোমাদের বস্ত্র নয়।" তোমাদের প্রভু ঈশ্বরের কাছেই ফিরে এস। কারণ তিনি কৃপাময়।

তিনি চট করে রেগে ওঠেন না। তিনি মহা দয়াময়। হয়তো তিনি যে অমঙ্গলের পরিকল্পনা করেছিলেন সে বিষয়ে তাঁর মন পরিবর্তন করবেন।

14কে জানে, প্রভু হয়তো তাঁর মন পরিবর্তন করতে পারেন। এমনকি তিনি হয়তো তোমাদের জন্য পশ্চাতে আশীর্বাদ রেখেও যেতে পারেন। তাহলে তোমরা প্রভু, তোমাদের ঈশ্বরের উদ্দেশ্যে বলি ও পেয় নৈবেদ্য উৎসর্গ করতে সক্ষম হবে।

### প্রভুর কাছে প্রার্থনা কর

15সিয়োনে শিঙা বাজাও। উপবাসের দিন ঠিক কর। বিশেষ সভার দিন ঘোষণা কর।

16লোকেদের একত্র কর। বিশেষ সভা ডাক। বয়স্ক লোকেদের একত্র কর। শিশু ও বাচ্চাদের একত্র কর। বর ও কনেরা তাদের শয্যা ঘর থেকে বেরিয়ে আসুক।

17বারান্দা ও বেদীর মধ্যে যাজকেরা, প্রভুর দাসেরা কাঁদুক। তাদের সবাই বলুক: "প্রভু তোমার লোকেদের প্রতি কৃপা কর। তোমার লোকেদের লজ্জায় পড়তে দিও না। অন্য দেশের লোকেদের তোমার লোকেদের নিয়ে ঠাট্টা করতে দিও না। অন্য দেশের লোকেদের হেসে বলতে দিও না, 'ওদের ঈশ্বর কোথায়?'"

### প্রভু আবার দেশ পুনঃস্থাপন করবেন

18তখন প্রভু তাঁর দেশের জন্য ঈর্ষাকাতর হবেন এবং তাঁর লোকেদের দয়া করবেন।

19তখন প্রভু তাঁর লোকেদের সঙ্গে কথা বললেন, এবং বললেন, "আমি তোমাদের কাছে শস্য দ্রাক্ষারস ও অলিভ তেল পাঠাবো এবং তোমরা প্রচুর পাবে ও তাতে তোমরা সন্তুষ্ট হবে। আমি আর অন্য দেশকে তোমাদের কখনও অপমান করতে দেব না।

20আমি উত্তর দেশীয় লোকেদের তোমাদের কাছ থেকে বহুদূরে পাঠাব এবং আমি তাদের শুষ্ক ও ধ্বংসপ্রাপ্ত দেশে নির্বাসনে পাঠাব। আমি তাদের কিছুকে পূর্বদিকের সমুদ্রে এবং কিছুকে পশ্চিমের ভূমধ্যসাগরে পাঠাব। তারা পচে যাবে এবং তাদের পূর্তিগন্ধ ওপরে উঠবে, কারণ তারা অনেক ক্ষতি করেছে!"

### ভূমিকে নবায়িত করা হবে

21হে দেশ, ভয় কোরো না। আনন্দ অনুষ্ঠান কর কারণ প্রভু মহৎ মহৎ কাজ করবেন।

22মাঠের পশুরা ভয় পেয়ো না কারণ প্রান্তরের ভূমিতে আবার ঘাস জন্মাবে। গাছে আবার ফল ধরবে, এবং ডুমুর ও দ্রাক্ষা গাছে আবার উত্তম ফল হবে।

23সিয়োনের লোকেরা তোমরা প্রভু ঈশ্বরেতে আনন্দ অনুষ্ঠান কর। কারণ তিনি তাঁর উদারতার চিহ্ন হিসাবে বৃষ্টি বর্ষাবেন। তাছাড়াও তিনি আগের মতোই তোমাদের আগে আগে বৃষ্টি ও শেষের দিকে বৃষ্টি দেবেন।

24আর ঢেঁকির মেঝেগুলি শসেস্যরে যাবে, অলিভ তেলে ও দ্রাক্ষারসে পিপেগুলো ভরে উপচে পড়বে।

25"আমি তোমাদের বিরুদ্ধে যে সমস্ত ঝাঁকের পঙ্গপাল, লাফানে পঙ্গপাল, ধ্বংসকারী পঙ্গপাল, এবং কাটুরে পঙ্গপাল অর্থাৎ আমার মহাসৈন্যরা পাঠিয়েছিলাম যারা সেই বছর তোমাদের শস্যস্যংস করেছে তা আমি পরিশোধ করব।

26তোমরা প্রচুর খাবার খেয়ে তৃপ্ত হবে এবং প্রভু তোমাদের ঈশ্বরের নামের প্রশংসা করবে। কারণ তিনি তোমাদের জন্য অলৌকিক চমৎকার কাজ করেছেন। প্রভু বলেন, আমার লোকেরা আর কখনও লজ্জিত হবে না।

27আর তোমরা জানবে যে আমি (প্রভু) ইস্রায়েলের মধ্যে বাস করি। আমিই তোমাদের প্রভু ও ঈশ্বর আর কোন ঈশ্বর নেই। আমার লোকেরা আর কখনও লজ্জিত হবে না।"

### ঈশ্বর সমস্ত লোকেদের তাঁর আত্মা দেবেন

28“এখন থেকে আমি আমার আত্মা সবার মধ্যে ঢেলে দেব। এরফলে তোমাদের ছেলেমেয়েরা ভাববাণী বলবে। বয়স্ক লোকেরা স্বপ্ন দেখবে আর তোমাদের কণিষ্ঠেরা দর্শন পাবে।

29আর সেই সময়ে আমি এমনকি, তোমাদের দাসদাসীদের ওপরেও আমার আত্মা ঢেলে দেব।

30আমি আকাশে ও পৃথিবীতে চিহ্ন দেখাব। রক্ত, আগুন ও ধোঁয়ার স্তম্ভ দেখা যাবে।

31সূর্য অন্ধকার হয়ে যাবে, চাঁদ রক্তের মত লাল হয়ে যাবে। আর তারপর প্রভুর সেই মহান ও ভয়ঙ্কর দিন আসবে!

32আর যারাই প্রভুর নাম ডাকে তারা রক্ষা পাবে। কারণ প্রভুর বাক্যানুসারে ঐ সমস্ত লোকেরা সিয়োন পর্বতে ও জেরুশালেমে বেঁচে থাকবে। হ্যাঁ, ঐ সমস্ত বেঁচে যাওয়া লোকেরা, যাদের প্রভু ডেকেছেন তাঁরাই ফিরে আসবে।

### যিহূদার শত্রুদের প্রতি প্রভুর শাস্তি

3 “সেই সময় আমি যিহূদা ও জেরুশালেমের লোকেদের বন্দী দশা হতে ফিরিয়ে আনব। 2আমি সমস্ত দেশকে একত্র করে যিহোশাফটের উপত্যকায় নিয়ে আসব। সেখানে আমি তাদের বিচার করব। সেই দেশের লোকেরা আমার ইস্রায়েলের লোকেদের ছিন্ন ভিন্ন করেছিল। তারা তাদের অন্য দেশের মধ্যে বাস করতে বাধ্য করেছিল। সেইজন্য আমি সেইসব দেশকে শাস্তি দেব। ঐসব দেশ আমার দেশকে নিজেদের মধ্যে ভাগ করেছিল। 3তারা আমার লোকেদের জন্য গুলিবাট ব্যবহার করেছিল। তারা এক বেশ্যার জন্য ছেলেকে এবং পান করবার জন্য দ্রাক্ষারসের বিনিময়ে মেয়েকে বিক্রি করেছিল। এমন কি তারা…

4“হে সোর ও সীদোন এবং পলেষ্টীয়দের সমস্ত অঞ্চল আমার প্রতি তোমাদের মনোভাব কি? কোন কিছুর জন্য কি তোমরা আমায় শাস্তি দিচ্ছ? তোমরা কি মনে কর আমাকে আঘাত করার জন্য কিছু করতে যাচ্ছ? শীঘ্রই আমি তোমাদের কাজের ফল হিসেবে তোমাদের শাস্তি দেব। 5তোমরা আমার রূপো ও সোনা নিয়ে গিয়েছ এবং আমার অতি উৎকৃষ্ট জিনিসগুলি তোমাদের মন্দিরে নিয়ে গিয়েছ।

6“তোমরা যিহূদার ও জেরুশালেমের লোকেদের গ্রীকদের কাছে বিক্রি করে দিয়েছ, যেন তারা তাদের দেশ থেকে বহু দূরে নিয়ে যেতে পারে। 7তাদের যে যে স্থান বিক্রি হয়ে গেছে আমি তাদের সেখানে থেকে ফিরিয়ে আনব এবং আমি তোমাদের খারাপ কাজের জন্য শাস্তি দেব। 8আমি তোমাদের সন্তানদের যিহূদার লোকেদের কাছে বিক্রি করব এবং তারা বহুদূরের শিবায়ীয় লোকেদের কাছে তাদের বিক্রি করবে।” প্রভু এই কথাগুলি বলেছেন।

### যুদ্ধের প্রস্তুতি

9তোমরা জাতিগণের কাছে এই কথা ঘোষণা কর: তোমরা যুদ্ধের জন্য নিজেদের প্রস্তুত কর! বলবান সৈন্যদের জাগিয়ে তোল! সমস্ত যোদ্ধা যুদ্ধে প্রবেশ করুক।

10তোমাদের লাঙ্গল ভেঙ্গে খড়্গ তৈরি কর এবং কাস্তে ভেঙ্গে বর্শা তৈরি কর। দুর্বল যে, সেও বলুক, “আমি একজন বলবান যোদ্ধা।”

11হে চারিদিকের জাতিগণ, তোমরা তাড়াতাড়ি এস এবং এখানে এসে জড়ো হও! হে প্রভু তোমার বলবান সৈন্যদের আনো!

12জাতিগণ জেগে ওঠ! যিহোশাফটের উপত্যকায় এস! আমি সেখানে বসে চারিদিকের জাতির বিচার করব!

13কাস্তে লাগাও কারণ শস্য স্যকছে! এস দলন কর কারণ দ্রাক্ষা মাড়বার কুণ্ড পূর্ণ! পিপে ভরে উপচে পড়ছে কারণ তাদের দুষ্টতা মহান।

14দণ্ডাজ্ঞার উপত্যকায় প্রচুর লোকের ভীড় কারণ দণ্ডাজ্ঞার উপত্যকায় প্রভুর বিশেষ দিন এগিয়ে আসছে।

15সূর্য ও চন্দ্র অন্ধকার হয়ে যাবে, আকাশের নক্ষত্রও আর আলো দেবে না।

16আর প্রভু ঈশ্বর সিয়োন থেকে গর্জন করবেন এবং তিনি জেরুশালেম থেকেও চিৎকার করবেন। ফলে আকাশ ও পৃথিবী কেঁপে উঠবে। কিন্তু প্রভু ঈশ্বর তাঁর লোকেদের পক্ষে এক নিরাপদ আশ্রয় এবং তিনিই ইস্রায়েল সন্তানদের পক্ষে দৃঢ় দুর্গ হবেন।

17“তখন তোমরা জানবে যে আমিই প্রভু তোমাদের ঈশ্বর, আমি আমার পবিত্র পর্বত সিয়োনে বাস করি। আর জেরুশালেম পবিত্র হবে। বিদেশীরা আর তার মধ্যে দিয়ে যাতায়াত করবে না।”

### যিহূদার জন্য নতুন জীবনের প্রতিশ্রুতি

18“সেই দিনে পর্বত থেকে মিষ্ট দ্রাক্ষারস ঝরে পড়বে এবং উপপর্বত থেকে দুধের স্রোত বইবে। যিহূদার সমস্ত শূন্য নদী জলে পূর্ণ হয়ে বইবে। প্রভুর মন্দির হতে এক উৎস বের হবে, যা আকশিয়া উপত্যকাকে জল যোগাবে।

19মিশর ধ্বংসস্থান হবে এবং ইদোম ধ্বংসিত প্রান্তরে পরিণত হবে। কারণ তাদের নিষ্ঠুরতা যিহূদার লোকেদের বিরুদ্ধে দেখানো হয়েছে। তারা নির্দোষ লোকেদের তাদের দেশেই হত্যা করেছিল।

20কিন্তু যিহূদাতে সর্বদাই লোকে বাস করবে, লোকে বহু বংশ পরম্পরায় জেরুশালেমে বাস করবে।

21ওই লোকেরা আমার লোকেদের হত্যা করেছিল তাই সত্যি সত্যিই আমি তাদের লোকেদের শাস্তি দেব! প্রভু ঈশ্বর সিয়োনে বাস করবেন!

# License Agreement for Bible Texts

***World Bible Translation Center***
***Last Updated: September 21, 2006***

Copyright © 2006 by World Bible Translation Center
All rights reserved.

**These Scriptures:**

- Are copyrighted by World Bible Translation Center.
- Are not public domain.
- May not be altered or modified in any form.
- May not be sold or offered for sale in any form.
- May not be used for commercial purposes (including, but not limited to, use in advertising or Web banners used for the purpose of selling online add space).
- May be distributed without modification in electronic form for non-commercial use. However, they may not be hosted on any kind of server (including a Web or ftp server) without written permission. A copy of this license (without modification) must also be included.
- May be quoted for any purpose, up to 1,000 verses, without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. A copyright notice must appear on the title or copyright page using this pattern: "Taken from the HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2006 by World Bible Translation Center, Inc. and used by permission." If the text quoted is from one of WBTC's non-English versions, the printed title of the actual text quoted will be substituted for "HOLY BIBLE: EASY-TO-READ VERSION™." The copyright notice must appear in English or be translated into another language. When quotations from WBTC's text are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials of the version (such as "ERV" for the Easy-to-Read Version™ in English) must appear at the end of each quotation.

Any use of these Scriptures other than those listed above is prohibited. For additional rights and permission for usage, such as the use of WBTC's text on a Web site, or for clarification of any of the above, please contact World Bible Translation Center in writing or by email at distribution@wbtc.com.

World Bible Translation Center
P.O. Box 820648
Fort Worth, Texas 76182, USA
Telephone: 1-817-595-1664
Toll-Free in US: 1-888-54-BIBLE
E-mail: info@wbtc.com

**WBTC's web site –** World Bible Translation Center's web site: http://www.wbtc.org

**Order online –** To order a copy of our texts online, go to: http://www.wbtc.org

**Current license agreement –** *This license is subject to change without notice. The current license can be found at:* http://www.wbtc.org/downloads/biblelicense.htm

**Trouble viewing this file –** If the text in this document does not display correctly, use Adobe Acrobat Reader 5.0 or higher. Download Adobe Acrobat Reader from:
http://www.adobe.com/products/acrobat/readstep2.html

**Viewing Chinese or Korean PDFs –** To view the Chinese or Korean PDFs, it may be necessary to download the Chinese Simplified or Korean font pack from Adobe. Download the font packs from:
http://www.adobe.com/products/acrobat/acrrasianfontpack.html